

বিজ্ঞপ্তি

স্মারক নং : ০৮১৭০/স.স.ক. /২০২৩ - ২০২৪

তারিখ : ৩০/৮/২০২৩

সরকারি সাদত কলেজ, টাঙ্গাইল থেকে প্রকাশিত JOURNAL OF SAADAT COLLEGE নামে জার্নালটির ৪র্থ সংখ্যা শীঘ্রই প্রকাশ করা হবে। জার্নালে লেখা প্রকাশের জন্য নিচের শর্ত অনুযায়ী আগামী ১৫ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আগ্রহী লেখকগণকে গবেষণা প্রবন্ধ পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

১. লেখকের যোগ্যতা :

ক. বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের সকল সদস্য।

খ. বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের বাইরে যে-কোনো ব্যক্তি যিনি এম ফিল/পিএইচডি ডিগ্রিধারী।

গ. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় অথবা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণারত ব্যক্তি।

২. নিয়মাবলি :

ক. প্রবন্ধটি এমন হতে হবে যা ইতঃপূর্বে অন্য কোনো জার্নালে প্রকাশিত হয়নি।

খ. প্রবন্ধটি কোন মৌলিক বিষয়ের ওপর লিখিত হতে হবে।

গ. প্রবন্ধটি স্বীকৃত গবেষণা পদ্ধতি অনুযায়ী যে কোনো একাডেমিক বিষয়ে লিখিত হতে হবে।

ঘ. প্রবন্ধ বাংলা অথবা ইংরেজি যে কোন একটি ভাষায় লেখা যাবে।

ঙ. প্রবন্ধের দৈর্ঘ্য হবে A^4 সাইজ কাগজে Double Space-এ সর্বোচ্চ ২০ পৃষ্ঠা। এতে অনূর্ধ্ব ১৫০ শব্দের একটি সারসংক্ষেপ (Abstract) থাকবে।


চ. প্রবন্ধটি বাংলায় SuttonyMJ এবং ইংরেজিতে Times New Roman ফন্টে লিখতে হবে। ফন্টের আকার হবে বাংলায় ১৪ ও ইংরেজিতে ১২। তথ্যসূত্র উপস্থাপনের ক্ষেত্রে Bibliography style অনুসরণ করতে হবে।

ছ. প্রবন্ধ মনোনীত হলে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনের জন্য লেখকের নিকট পাঠানো হবে। সংশোধিত কপি history150lgsc@gmail.com এই ঠিকানায় ই-মেইল করে পাঠাতে হবে। অমনোনীত প্রবন্ধের লেখকদের সাথে কোন যোগাযোগ করা হবে না।

জ. লেখকের সংক্ষিপ্ত পরিচিতি, ই-মেইল ও সেল নম্বর প্রবন্ধের সাথে সংযুক্ত করতে হবে।

৩. যোগাযোগের ঠিকানা : সুলায়মান কবীর, সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ, সরকারি সাদত কলেজ, করটিয়া, টাঙ্গাইল। মোবাইল নম্বর : ০১৯১৪৯৫৯০৯৬, ইমেইল : history150lgsc@gmail.com এই ঠিকানায় যোগাযোগ করতে হবে।

অতিরিক্ত
স্বাক্ষর
৩১-০৮-২৩
সরকারি সাদত কলেজ
করটিয়া, টাঙ্গাইল
সরকারি সাদত কলেজ
করটিয়া, টাঙ্গাইল।


৩০/৮/২৩
অধ্যাপক ড. তাহমিনা খান
সম্পাদক
JOURNAL OF SAADAT COLLEGE
৪র্থ সংখ্যা
সরকারি সাদত কলেজ, করটিয়া, টাঙ্গাইল